

যুগান্তর

প্রিন্ট: ০৯ মার্চ ২০২৫, ১০:৪২ এএম


শিক্ষাঙ্গন

চবির ভর্তি পরীক্ষায় তরুণী ও ফরহাদকে নিয়ে প্রশ্ন



চবি প্রতিনিধি

প্রকাশ: ০৮ মার্চ ২০২৫, ০৭:৫২ পিএম



ফাইল ছবি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত 'বি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষার প্রশ্নপত্রে স্থান পেয়েছেন জুলাই বিপ্লবে নিহত চবির দুই শিক্ষার্থী হৃদয় চন্দ্র তরুয়া ও ফরহাদ হোসেন। তারা দুজনই চবির ইতিহাস বিভাগের শিক্ষার্থী ছিলেন।

শনিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের সাধারণ জ্ঞান অংশে তাদেরকে নিয়ে একটি প্রশ্ন করা হয়। প্রশ্নটি হলো- 'জুলাই বিপ্লব, ২০২৪-এ শহিদ হৃদয় চন্দ্র তরুয়া ও ফরহাদ হোসেন কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন?' চারটি অপশনে ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত 'বি' ইউনিটে মোট বিষয় ও ইনস্টিটিউট রয়েছে ১০টি। এর বিপরীতে সাধারণ আসন রয়েছে ৮৯৬টি। এবার মোট আবেদন করেন ৭৩ হাজার ১৭১ শিক্ষার্থী। পরীক্ষায় অংশ নিয়েছেন ৮৬ দশমিক ২৯ শতাংশ শিক্ষার্থী।

এ বছরও চট্টগ্রাম, ঢাকা ও রাজশাহী কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গত ২ মার্চ 'এ' ইউনিট ও ৮ মার্চ 'বি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আগামী ১০ মার্চ 'বি-১' উপ-ইউনিট, ১১ মার্চ 'বি-২' উপ-ইউনিট, ১৫ মার্চ 'সি' ইউনিট, ২২ মার্চ 'ডি' ইউনিট ও ২৪ মার্চ 'ডি-১' উপ-ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।